

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫৮.০১১.০০.০০.০৫.২০১৪-


তারিখ ০৪-১১-১৪২১ বাং
১৬-০২-২০১৫ খ্রিঃ

অফিস আদেশ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সেবা পরিদপ্তরের আওতায় নিম্নে বর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে উল্লিখিত পদে ও প্রতিষ্ঠানে বদলীপূর্বক পদায়ন করা হলো।

ক্রমিক নং	নাম, পদবী ও বর্তমান কর্মস্থল	পদায়ন/বদলীকৃত পদ ও প্রতিষ্ঠান
০১	উম্মে কুলসুম নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ নার্সিং ইনস্টিটিউট, হবিগঞ্জ।	সেবা তত্ত্বাবধায়ক (চলতি দায়িত্ব) স্ব-বেতনে, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন নং-৯৫৪৫৭৭৯

নং-৪৫.১৫৮.০১১.০০.০০.০৫.২০১৪-

তারিখ ০৪-১১-১৪২১ বাং
১৬-০২-২০১৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম।
- ৪। পরিচালক, সেবা পরিদপ্তর, ১৪-১৫, মতিঝিল বা/এ, ঢাকা। উম্মে কুলসুম এর স্থলে হবিগঞ্জ নার্সিং ইনস্টিটিউট, হবিগঞ্জ এর নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ এর দায়িত্ব উক্ত ইনস্টিটিউট এর নার্সিং ইনস্ট্রাক্টর রেহানা খাতুনকে প্রদানের জন্যও নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো।
- ৫। সিভিল সার্জন, হবিগঞ্জ।
- ৬। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৯। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, হবিগঞ্জ।
- ১০। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, হবিগঞ্জ।
- ১০। যুগ্ম-সচিব (হাসপাতাল ও নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১। উম্মে কুলসুম, নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, হবিগঞ্জ।

(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫৮.১১১.০০.০০.০৩০.২০১৪-

তারিখঃ ০৫ - ১১ - ১৪২১ বাং
১৭ - ০২ - ২০১৫ খ্রিঃ

বিষয়ঃ প্রস্তাবিত আর্মি নার্সিং কলেজ, রংপুর সেনানিবাস, রংপুর-এ বেসিক বিএসসি নার্সিং কোর্স চালুর অনুমোদন।

সূত্রঃ ২৩.০১.৯০১.০৪১.০২.২৩৯.১০০.০১.০১.১৪, তারিখঃ ২৪-০৭-২০১৪ খ্রিঃ


উপর্যুক্ত বিষয়ে তাঁর আবেদন এবং বেসরকারী পর্যায়ে বিএসসি নার্সিং কলেজ/কোর্স চালুকরণ সংক্রান্ত এ মন্ত্রণালয়ে গঠিত নীতিনির্ধারণী কমিটির ২৭-০১-২০১৫ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসরণে প্রস্তাবিত আর্মি নার্সিং কলেজ রংপুর সেনানিবাস, রংপুর অনুমোদন করতঃ ০৪ বছর মেয়াদি বেসিক বিএসসি নার্সিং কোর্সে ২০১৪-২০১৫ শিক্ষা বর্ষে ৪০টি (চল্লিশ) আসন বরাদ্দপূর্বক নিম্নোক্ত শর্ত সাপেক্ষে শিক্ষার্থী ভর্তির সাময়িক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

২। শর্তাবলীঃ

১. নার্সিং কলেজের জন্য প্রিন্সিপাল, ভাইস প্রিন্সিপাল ও অন্যান্য শিক্ষক রাখা নিশ্চিত করতে হবে।
২. সকল নিয়োগ লিখিত পত্র দ্বারা সম্পন্ন করতে হবে যাতে অবশ্যই চাকরির শর্তাবলী ও বেতন-স্কেল উল্লেখ থাকবে। কোন ক্রমেই সরকারি বেতন কাঠামোর চেয়ে কম বেতন প্রদান করা যাবে না। নিয়োগ পত্রের অনুলিপি বিএনসিতে প্রেরণ করতে হবে।
৩. শিক্ষার্থী ও শিক্ষকগণের অধ্যয়নের জন্য পাঠাগার সমৃদ্ধ করতে হবে। এতে কারিকুলামভূক্ত পাঠ্যবই, নার্সিং বিষয়ক দেশি-বিদেশি বই, প্রয়োজনীয় অন্যান্য বই, সাময়িকি, জার্নাল, পত্রিকা ও আসবাব পত্র পর্যাপ্ত পরিমাণ থাকতে হবে। ক্যাম্পাসে খেলাধুলা এবং সুষ্ঠু বিনোদনের ব্যবস্থা রাখতে হবে।
৪. ল্যাবসমূহে আরও প্রয়োজনীয় উপকরণাদি দ্বারা সমৃদ্ধকরণ এবং কম্পিউটারসহ শিক্ষা উপকরণ বৃদ্ধি করতে হবে।
৫. নার্সিং কলেজের জন্য শিক্ষার আবশ্যিকীয় শিক্ষা উপকরণাদি বৃদ্ধি করতে হবে।
৬. নীতিমালা অনুযায়ী ভর্তির ক্ষেত্রে ও অধ্যয়নরত শিক্ষার্থীর জন্য মেধাবৃত্তি ও গরীব শিক্ষার্থীদের আর্থিক সুযোগ-সুবিধা বাস্তবায়ন করতে হবে।
৭. কর্মরত সকল নার্স-শিক্ষকদের রেজিস্ট্রেশন হালনাগাদ করতে হবে।
৮. ভর্তি পরীক্ষায় বিএনসি'র প্রতিনিধি রাখা নিশ্চিত করতে হবে।

৩। এছাড়া স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১২-০৭-২০০৯ খ্রিঃ তারিখের স্বাপকম/নাসা/বিএনসি/(অর্ডিনেন্স)- ২/২০০৮/৪২৭ সংখ্যক প্রজ্ঞাপনে জারিকৃত নীতিমালার অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পালন করতে হবে।

৪। বর্ণিত কোর্সে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি এবং প্রচলিত নিয়মানুযায়ী বাংলাদেশ নার্সিং কাউন্সিলের রেজিস্ট্রেশন গ্রহণ করতে হবে।



(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৫৭৭৯

কর্নেল মোঃ জালাল উদ্দিন
প্রকল্প পরিচালক
প্রস্তাবিত আর্মি নার্সিং কলেজ
রংপুর সেনানিবাস, রংপুর।


নং-৪৫.১৫৮.১১১.০০.০০.০৩০.২০১৪-

৬৪/১ (৯)

তারিখঃ ০৫-১১-১৪২১ বাং
১৭-০২-২০১৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। এ্যাডজুটেন্ট জেনারে, চিকিৎসা পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস, মিরপুর সেনানিবাস, মিরপুর, ঢাকা/রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
- ৪। পরিচালক, সেবা পরিদপ্তর, ১৪-১৫ মতিঝিল বা/এ, ঢাকা।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৮। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা।
- ৯। যুগ্মসচিব (হাসপাতাল ও নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মোঃ সুহৃফর রহমান)
সিনিয়র সহকারী সচিব